# ঢাকা বিশ্ববিদ্যালয়

## ‘ক’ ইউনিট

### ২০২০-২০২১ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির

### ভর্তি নির্দেশিকা

**ভর্তি পরীক্ষা :** ২১ মে ২০২১, শুক্রবার, সকাল ১১:০০ থেকে **দুপুর ১২:৩০ পর্যন্ত**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ‘ক’ ইউনিটের অধীন বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসী, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের বিভাগসমূহ এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট, পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট, তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট, ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। স্নাতক (সম্মান) প্রোগ্রাম ফার্মেসী অনুষদে ৫ (পাঁচ) বছর মেয়াদী এবং অন্যান্য অনুষদ ও ইনস্টিটিউট-এ ৪ (চার) বছর মেয়াদী।

বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউট-এ প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য নির্ধারিত আসন সংখ্যা (কোটা ব্যতীত):

| অনুষদ/ইনস্টিটিউট | ভর্তির বিভাগ/বিষয় | আসন সংখ্যা |
|---|---|---|
| বিজ্ঞান অনুষদ | পদার্থ বিজ্ঞান | ১৪০ |
| | গণিত | ১৩০ |
| | রসায়ন | ৯০ |
| | পরিসংখ্যান | ৮৮ |
| | ফলিত গণিত | ৭০ |
| জীববিজ্ঞান অনুষদ | মৃত্তিকা, পানি ও পরিবেশ | ১২০ |
| | উদ্ভিদবিজ্ঞান | ৭৫ |
| | প্রাণিবিদ্যা | ১০০ |
| | প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান | ৬০ |
| | মনোবিজ্ঞান | ৫০ |
| | অণুজীব বিজ্ঞান | ৪০ |
| | মৎস্য বিজ্ঞান | ৪০ |
| | জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি | ১৭ |
| ফার্মেসী অনুষদ | ফার্মেসী | ৬৫ |
| আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ | ভূগোল ও পরিবেশ | ৫০ |
| | ভূতত্ত্ব | ৫০ |
| | সমুদ্রবিজ্ঞান | ২৫ |
| | দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা | ৩০ |
| | আবহাওয়াবিজ্ঞান | ২০ |

| | | |
|---|---|---|
| ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | ৭০ |
| | ফলিত রসায়ন ও কেমিকৌশল | ৬০ |
| | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৬০ |
| | নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং | ২৫ |
| | রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং | ২০ |
| **পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট** | ফলিত পরিসংখ্যান | ৫০ |
| **পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট** | পুষ্টি ও খাদ্য বিজ্ঞান | ৩৫ |
| **তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট** | সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং | ৩০ |
| লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউট | লেদার ইঞ্জিনিয়ারিং | ৫০ |
| | ফুটওয়্যার ইঞ্জিনিয়ারিং | ৫০ |
| | লেদার প্রোডাক্টস ইঞ্জিনিয়ারিং | ৫০ |
| শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট | ভৌত বিজ্ঞান বিষয়ক ৩০ | ৫৫ |
| | জীববিজ্ঞান বিষয়ক ২৫ | |
| | **মোট:** | ১৮১৫ |

## প্রাথমিক আবেদন

১। 'ক' ইউনিটের অধীন অনুষদভুক্ত বিভাগ ও ইনস্টিটিউটসমূহে ২০২০-২০২১ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য ০৮ মার্চ ২০২১ বিকাল ৪:০০ টা হতে ৩১ মার্চ ২০২১ তারিখ রাত ১১:৫৯ এর মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

২। ভর্তির আবেদন https://admission.eis.du.ac.bd ওয়েব সাইট এর মাধ্যমে করতে হবে। ভর্তির আবেদনের জন্য শিক্ষার্থীর উচ্চমাধ্যমিক এবং মাধ্যমিকের তথ্য, বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর, পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র নম্বর (ঐচ্ছিক), শিক্ষার্থী যে বিভাগীয় শহরের কেন্দ্রে পরীক্ষা দিতে আগ্রহী সেই বিভাগের নাম, প্রযোজ্য ক্ষেত্রে কোটার তথ্য এবং ওয়েবসাইটে উল্লেখিত সাইজের একটি ছবি প্রয়োজন হবে। ভর্তির আবেদন ফি তাৎক্ষণিক অনলাইনে বা চারটি রাষ্ট্রায়ত্ব ব্যাংকে (সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী) নির্ধারিত সময়সীমার মধ্যে জমা প্রদান করা যাবে। আবেদন ও ফি জমার বিষয়ে বিস্তারিত তথ্য https://admission.eis.du.ac.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

## ভর্তির ন্যূনতম যোগ্যতা

৩। প্রার্থীকে ২০১৫ থেকে ২০১৮ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০২০ সালের বাংলাদেশের যেকোনো শিক্ষা বোর্ডের বিজ্ঞান/কৃষিবিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক অথবা মাদ্রাসা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম অথবা বিজ্ঞান শাখায় IAL/A-Level বা সমমানের বিদেশি ডিগ্রিধারী হতে হবে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (বা সমমানের) গ্রেডভিত্তিক পরীক্ষার প্রতিটিতে পৃথকভাবে ৪র্থ বিষয়সহ ন্যূনতম ৩.৫ জিপিএসহ প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৮.৫ হতে হবে। IGCSE/O-Level এবং IAL/A-Level বা বিদেশি ডিগ্রিধারীদের ক্ষেত্রে সমতা নিরূপণকৃত গ্রেড গণনা করতে হবে (ধারা-৪ দ্রষ্টব্য)। এছাড়া প্রার্থী যে বিভাগে ভর্তি হতে ইচ্ছুক ঐ বিভাগের জন্য নির্ধারিত যোগ্যতা অর্থাৎ নির্দেশিকার **১৯** নং ধারায় উল্লেখিত শর্ত পূরণ করতে হবে।

৪। যে সকল প্রার্থী ২০১৫ অথবা তার পরে পাসকৃত IGCSE O-Level পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ২০২০ সালের IAL/A-Level পরীক্ষায় বিজ্ঞানের অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ হয়েছে (IGCSE/O-Level এবং IAL/A-Level -এর সর্বশেষ পরীক্ষার সনকে উক্ত পরীক্ষার পাশের বছর হিসেবে ধরা হবে) এবং উপর্যুক্ত ৭টি বিষয়ের মধ্যে যারা ২টি বিষয়ে অন্তত A

গ্রেড, ৩টি বিষয়ে অন্তত B গ্রেড, অপর ২টি বিষয়ে অন্তত C গ্রেড পেয়েছে **(কোনো বিষয়েই D গ্রেড গ্রহণযোগ্য নহে)** তারা ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য বিবেচিত হবে। সমতা নিরূপণের জন্য নির্ধারিত ফি সহ অনলাইনে আবেদন করতে হবে। O-Level এবং A-Level পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের গ্রেড পয়েন্ট নিম্নরূপ ধরে জিপিএ হিসাব করা হবে;

A=5.0 B= 4.0 C=3.5

এ-লেভেল/ও-লেভেল/সমমান বিদেশী পাঠ্যক্রমে বা উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতা নিরূপনের জন্য https://admission.eis.du.ac.bd ওয়েব সাইটে গিয়ে "সমমান আবেদন" বা "Equivalence Application" মেনুতে আবেদন করে তাৎক্ষণিকভাবে অনলাইনে নির্ধারিত ফি জমা দিতে হবে। সমতা নিরূপনের পর প্রাপ্ত "Equivalence ID" ব্যবহার করে সাধারণ শিক্ষার্থীদের মত তারা একই ওয়েবসাইটে লগইন করে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে।

## ভর্তি পরীক্ষা

৫। ক) ভর্তিচ্ছু সকল প্রার্থীকে 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) ভর্তি পরীক্ষা ২১ মে ২০২১ তারিখ শুক্রবার, সকাল ১১:০০ টায় অনুষ্ঠিত হবে। পরীক্ষার মোট সময় ১ ঘন্টা ৩০ মিনিট। পরীক্ষা MCQ এবং লিখিত উভয় পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার মোট নম্বর হবে **১০০** তন্মধ্যে **৬০** নম্বরের এমসিকিউ (MCQ) এবং **৪০** নম্বরের লিখিত অংশ থাকবে। MCQ পরীক্ষা **৪৫** মিনিট এবং লিখিত পরীক্ষা **৪৫** মিনিটের হবে। ভর্তি পরীক্ষায় কোনো প্রকার Calculator বা তদ্রুপ কিছু ব্যবহার করা যাবে না।

৬। ভর্তি পরীক্ষায় MCQ এবং লিখিত পরীক্ষা উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যসূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে এবং নিম্নলিখিত নীতিমালা অনুসরণ করা হবে:

ক) প্রত্যেক প্রার্থীকে পদার্থবিজ্ঞান ও রসায়নসহ মোট ৪টি বিষয়ের প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি বিষয়ের জন্য মোট বরাদ্দ নম্বর **২৫**। তন্মধ্যে এমসিকিউ (MCQ) অংশের জন্য **১৫** এবং লিখিত অংশের জন্য **১০** নম্বর থাকবে।

খ) MCQ পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য **০.২৫** নম্বর কাটা হবে এবং তা বিষয়ভিত্তিক সমন্বয় করা হবে।

গ) যে সকল প্রার্থী উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পর্যায়ে পদার্থ বিজ্ঞান, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান বিষয়ে অধ্যয়ন করেছে তারা এ সকল বিষয়ে পরীক্ষা দিবে। **তবে কোনো পরীক্ষার্থী ইচ্ছা করলে শুধুমাত্র উচ্চ মাধ্যমিক পর্যায়ের ৪র্থ বিষয়ের পরিবর্তে বাংলা অথবা ইংরেজি যেকোনো একটি বিষয়ে পরীক্ষা দিতে পারবে। এখানে উল্লেখ্য যে, পদার্থ বিজ্ঞান ও রসায়ন বিষয়ে পরীক্ষা দেয়া আবশ্যিক।**

ঘ) A-Level পর্যায়ে অধ্যয়নকৃত পরীক্ষার্থী পদার্থ বিজ্ঞান ও রসায়নসহ অন্য (গণিত/জীববিজ্ঞান/বাংলা/ইংরেজি বিষয়ের মধ্যে) যেকোনো দুইটি বিষয়ে পরীক্ষা দিয়ে মোট চারটি বিষয় পূর্ণ করবে।

ঙ) একজন প্রার্থী যে ৪টি বিষয়ের প্রশ্নের উত্তর দিবে তার উপর নির্ভর করবে সে কোন বিভাগ/ইনস্টিটিউট এ ভর্তি হতে পারবে। এই নির্দেশিকার **১৯** নং ধারায় বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউট এ ভর্তির জন্য কী কী বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক এবং বিষয়গুলোতে ভর্তি পরীক্ষায় ন্যূনতম কত নম্বর পেতে হবে তা উল্লেখ করা হয়েছে।

চ) ভর্তি পরীক্ষার মান ও সময় বন্টন:

I. **MCQ পরীক্ষা:** MCQ অংশে মোট নম্বর **৬০** এবং সময় **৪৫** মিনিট। প্রতিটি বিষয়ে মোট নম্বর **১৫**। প্রতিটি প্রশ্নের মান **১**।

II. **লিখিত পরীক্ষা:** লিখিত অংশে মোট নম্বর **৪০** এবং সময় **৪৫** মিনিট। প্রতিটি বিষয়ে মোট নম্বর **১০**। প্রতিটি প্রশ্নের মান **২** থেকে **৫** এর মধ্যে সীমাবদ্ধ থাকবে।

৭। ভর্তি পরীক্ষার MCQ অংশের পাস নম্বর **২৪**। উল্লেখ্য, MCQ পরীক্ষায় **২৪** নম্বর পেলেই কেবল লিখিত পরীক্ষার উত্তরপত্রের মূল্যায়নের জন্য বিবেচিত হবে। তবে MCQ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে 'ক' ইউনিট এর মোট আসনের কমপক্ষে ৫ গুণ লিখিত পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করা হবে। লিখিত অংশের পরীক্ষায় পাস নম্বর **১২**। তবে ১০০ নম্বরের মধ্যে MCQ এবং লিখিত পরীক্ষায় মোট পাস নম্বর **৪০**। যারা **৪০** এর কম নম্বর পাবে তাদেরকে ভর্তির জন্য বিবেচনা করা হবে না।

৮। প্রার্থীকে প্রয়োজনীয় MCQ এবং লিখিত অংশের উত্তরপত্রের ঘর পূরণ করার উপযোগী কালো কালির বলপেন আনতে হবে। প্রত্যেক প্রার্থীকে কেবল **একটি** MCQ এবং **একটি** লিখিত পরীক্ষার উত্তরপত্র সরবরাহ করা হবে। অতএব উত্তরপত্র পূরণ করার সময় প্রার্থীদের সতর্কতা অবলম্বন করতে বলা হচ্ছে এবং পূরণ করতে গিয়ে যেকোনো ভুল-ভ্রান্তির দায়-দায়িত্ব প্রার্থীকেই বহন করতে হবে।

৯। উত্তরপত্রসমূহে **Roll No.** ও **Serial No.** না লিখলে বা ভুল লিখলে বা ঘষামাজা করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

১০। পরীক্ষায় কোনো প্রকার ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না । পরীক্ষার হলে প্রার্থীর সঙ্গে ক্যালকুলেটর, মোবাইল ফোন, ব্লু-টুথ বা টেলিযোগাযোগ করা যায় এরূপ যেকোনো প্রকার ডিভাইস রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। পরীক্ষার হলে কোনো প্রার্থীর কাছে এরূপ কোনো প্রকার ডিভাইস পাওয়া গেলে, সে ব্যবহার করুক বা না করুক তাকে বহিষ্কার করা হবে।

১১। ভর্তি পরীক্ষার ৪৮ ঘন্টা পূর্ব থেকে বিস্তারিত আসন বিন্যাস ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে (http://admission.eis.du.ac.bd) দেখা যাবে। এছাড়া আবেদনকারী প্রবেশপত্রের নির্দেশনা অনুযায়ী এসএমএস এর মাধ্যমে নিজ নিজ আসন বিন্যাস জানতে পারবে।

১২। পরীক্ষার দিন পরীক্ষা শুরুর নির্ধারিত সময়ের **৩০** মিনিট পূর্বেই পরীক্ষা কেন্দ্রের নির্দিষ্ট আসনে আসন গ্রহণ করতে হবে।

১৩। কোনো প্রার্থী অন্যের ছবি/নম্বরপত্র ব্যবহার করলে অথবা অন্য যেকোনো অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কোনো রিপোর্ট থাকলে প্রার্থীর পরীক্ষা বাতিল বলে গণ্য হবে ।

১৫। পরীক্ষার্থীদের অবশ্যই মাস্ক পরিধান করতে হবে।

## মেধাস্কোর ও মেধাক্রম

১৬।ক) মোট **১২০** নম্বরের ভিত্তিতে প্রার্থীদের অর্জিত মেধাস্কোরের ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে। এজন্য মাধ্যমিক/O-Level বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত জিপিএকে ২ দিয়ে গুণ; উচ্চ মাধ্যমিক/A-Level বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত জিপিএকে ২ দিয়ে গুণ করে এই দুইয়ের যোগফল ভর্তি পরীক্ষায় **১০০**-তে প্রাপ্ত নম্বরের সাথে যোগ দিয়ে **১২০** নম্বরের মধ্যে মেধাস্কোর নির্ণয় করে তার ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে।

খ) মেধাস্কোর সমান হলে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম তৈরি করা হবে :

(১) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত স্কোর
(২) HSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA without $4^{th}$ Subject
(৩) HSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA with $4^{th}$ Subject
(৪) SSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA without $4^{th}$ Subject
(৫) SSC/সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA with $4^{th}$ Subject
(৬) HSC/সমমানের পরীক্ষায় চারটি বিজ্ঞান বিষয়ে প্রাপ্ত GP এর যোগফল।

১৭। মেধাস্কোরের ভিত্তিতে নির্ণীত মেধাক্রম অনুযায়ী উত্তীর্ণ প্রার্থীদের মেধা তালিকা ও ফলাফল ভর্তি পরীক্ষার পর ৪ (চার) সপ্তাহের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইটে (http://admission.eis.du.ac.bd) প্রকাশ করা হবে। এছাড়া প্রার্থী এসএমএস এর মাধ্যমে ফলাফল জানতে পারবে।

১৮। মেধা তালিকা প্রকাশের তারিখ থেকে পাঁচ কার্য দিবসের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়, কার্জন হল এলাকার অগ্রণী ব্যাংকের শাখায় ১০০০/- টাকা নিরীক্ষা ফিস জমা দিয়ে জমার রশিদসহ 'ক' ইউনিট প্রধান (**ডিন, জীববিজ্ঞান অনুষদ**) বরাবর আবেদন করে প্রার্থীর উত্তরপত্র নিরীক্ষা করানো যাবে। নিরীক্ষার ফলে প্রার্থীর অর্জিত নম্বরের পরিবর্তন হলে নিরীক্ষা ফি ফেরৎ দেওয়া হবে এবং মেধা তালিকায় প্রয়োজনীয় সংশোধন করে নেওয়া হবে।

১৯। বিভিন্ন বিভাগে/বিষয়ে ভর্তির নূন্যতম যোগ্যতা:

| অনুষদ/ইনস্টিটিউট | ভর্তির বিভাগ/বিষয় | উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত সর্বনিম্ন গ্রেড | ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন নম্বর |
|---|---|---|---|
| বিজ্ঞান অনুষদ | পদার্থ বিজ্ঞান | পদার্থ বিজ্ঞান A এবং গণিত A | পদার্থ বিজ্ঞান ১০ এবং গণিত ১০ |
| | গণিত | গণিত A | গণিত ১০ |
| | রসায়ন | রসায়ন A , গণিত A এবং পদার্থ বিজ্ঞান A | রসায়ন ১০ |
| | পরিসংখ্যান | গণিত A | গণিত ১২.৫ |
| | ফলিত গণিত | গণিত B | গণিত ১০ এবং পদার্থ বিজ্ঞান ৮ |
| জীববিজ্ঞান অনুষদ | মৃত্তিকা,পানি ও পরিবেশ | রসায়ন B এবং (গণিত B অথবা জীববিজ্ঞান B) | রসায়ন ১০ |
| | উদ্ভিদবিজ্ঞান | জীববিজ্ঞান B | জীববিজ্ঞান ১০ |
| | প্রাণিবিদ্যা | জীববিজ্ঞান B এবং রসায়ন B | জীববিজ্ঞান ১২ |
| | প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান | রসায়ন A এবং গণিত A- এবং জীববিজ্ঞান A- | রসায়ন ১২.৫ এবং জীববিজ্ঞান ১২.৫ |
| | মনোবিজ্ঞান | জীববিজ্ঞান B অথবা গণিত B | জীববিজ্ঞান ১০.৫ অথবা গণিত ১০.৫ অথবা ইংরেজি ১০.৫ |
| | অণুজীব বিজ্ঞান | রসায়ন A এবং (জীববিজ্ঞান A অথবা গণিত B) | রসায়ন ১২ এবং জীববিজ্ঞান ১২ |
| | মৎস্য বিজ্ঞান | জীববিজ্ঞান B এবং গণিত B | জীববিজ্ঞান ১১.৫ |
| | জিন প্রকৌশল ও জীবপ্রযুক্তি | রসায়ন B, জীববিজ্ঞান B এবং গণিত B | রসায়ন ১০ এবং জীববিজ্ঞান ১০ |
| ফার্মেসী অনুষদ | ফার্মেসী | রসায়ন A এবং গণিত B এবং জীববিজ্ঞান A- | রসায়ন ১২.৫ এবং জীববিজ্ঞান ১২.৫ |
| আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ | ভূগোল ও পরিবেশ | ভূগোল A অথবা পদার্থ বিজ্ঞান B অথবা গণিত B অথবা জীববিজ্ঞান B অথবা রসায়ন B | পদার্থ বিজ্ঞান ১০ অথবা গণিত ১০ অথবা জীববিজ্ঞান ১০ অথবা রসায়ন ১০ |
| | ভূতত্ত্ব | গণিত B এবং পদার্থ বিজ্ঞান B এবং রসায়ন B | গণিত ১০ এবং (পদার্থ বিজ্ঞান ১০ অথবা রসায়ন ১০) |
| | সমুদ্রবিজ্ঞান | গণিত B ,পদার্থ বিজ্ঞান B এবং জীববিজ্ঞান B | গণিত ১০, পদার্থ বিজ্ঞান ১০ এবং জীববিজ্ঞান ১০ |
| | দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা | পদার্থ বিজ্ঞান B, গণিত A এবং রসায়ন B | পদার্থ বিজ্ঞান ৯, গণিত ১০ এবং রসায়ন ৯ |
| | আবহাওয়াবিজ্ঞান | পদার্থ বিজ্ঞান A, গণিত A এবং রসায়ন A | পদার্থ বিজ্ঞান ১০, গণিত ১০ এবং রসায়ন ১০ |
| ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ | ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং | পদার্থ বিজ্ঞান A এবং গণিত A | পদার্থ বিজ্ঞান ১৫ এবং গণিত ১৫ |
| | ফলিত রসায়ন ও কেমিকৌশল | রসায়ন A, গণিত A এবং পদার্থ বিজ্ঞান A | রসায়ন ১৩, গণিত ১০ এবং পদার্থ বিজ্ঞান ১০ |

| অনুষদ/ইনস্টিটিউট | ভর্তির বিভাগ/বিষয় | উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় প্রাপ্ত সর্বনিম্ন গ্রেড | ভর্তি পরীক্ষায় নির্দিষ্ট বিষয়ে প্রাপ্ত সর্বনিম্ন নম্বর |
|---|---|---|---|
| | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | পদার্থ বিজ্ঞান B এবং গণিত B | পদার্থ বিজ্ঞান ১৫ এবং গণিত ১৫ |
| | নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং | পদার্থ বিজ্ঞান A- এবং গণিত A- | পদার্থ বিজ্ঞান ১০ এবং গণিত ১০ |
| | রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং | পদার্থ বিজ্ঞান A, গণিত A | পদার্থ বিজ্ঞান ১২.৫ এবং গণিত ১২.৫ |
| পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট | ফলিত পরিসংখ্যান | গণিত A | গণিত ১২.৫ |
| পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট | পুষ্টি ও খাদ্য বিজ্ঞান | রসায়ন B এবং জীববিজ্ঞান B | রসায়ন ১০ এবং জীববিজ্ঞান ১০ |
| তথ্য প্রযুক্তি ইনস্টিটিউট | সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং | গণিত A এবং পদার্থ বিজ্ঞান A | গণিত ১৫ এবং পদার্থ বিজ্ঞান ১২.৫ |
| ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি | লেদার ইঞ্জিনিয়ারিং | রসায়ন A এবং গণিত B এবং পদার্থ বিজ্ঞান B | রসায়ন ১০ |
| | ফুটওয়্যার ইঞ্জিনিয়ারিং | রসায়ন A এবং গণিত B এবং পদার্থ বিজ্ঞান B | রসায়ন ১০ |
| | লেদার প্রোডাক্টস ইঞ্জিনিয়ারিং | রসায়ন A এবং গণিত B এবং পদার্থ বিজ্ঞান B | রসায়ন ১০ |
| শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট | ভৌত বিজ্ঞান বিষয়ক | পদার্থ বিজ্ঞান A-, রসায়ন A- এবং গণিত A- | পদার্থ বিজ্ঞান ১০, রসায়ন ১০ এবং গণিত ১০ |
| | জীববিজ্ঞান বিষয়ক | রসায়ন A- এবং জীববিজ্ঞান A- | রসায়ন ১০ এবং জীববিজ্ঞান ১০ |

২০। মেধা তালিকা প্রকাশের পর নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে বিভাগ পছন্দকরণ ফরম (Subject Choice) পূরণ করতে হবে। পরবর্তীতে বিষয় পছন্দক্রম এবং ভর্তি পরীক্ষার মেধাক্রম ও ভর্তির যোগ্যতা অনুসারে বিভাগ বন্টনের তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (https://admission.eis.du.ac.bd) প্রকাশ করা হবে। এ ছাড়া ভর্তিচ্ছু প্রার্থীকে তার জন্য নির্ধারিত তারিখে SSC এবং HSC এর মূল নম্বরপত্রসহ জীববিজ্ঞান অনুষদ অফিসে উপস্থিত হতে হবে। চূড়ান্তভাবে ভর্তির জন্য মনোনীত প্রার্থীর SSC এবং HSC এর মূল নম্বরপত্র জমা রাখা হবে।

২১। ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তি ফরমের সঙ্গে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে, সেই প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র এবং অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্র জমা দিতে হবে।

২২। ভর্তি প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে এমন কি ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পরও ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদিতে যদি কোনো ভুল ধরা পড়ে অথবা যদি দেখা যায় যে, প্রার্থীর ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা নেই, তাহলে প্রার্থীর ভর্তি-পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি, ভর্তি-পরীক্ষা, বিভাগ মনোনয়ন এবং ভর্তি বাতিল করা হবে।

## কোটা

২৩। ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর ওয়ার্ড (ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী), মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনী, উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ ও শারীরিক) ও খেলোয়াড় (শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান বিকেএসপি থেকে এইচ.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা) কোটায় ভর্তির আবেদনের সুযোগ পাবে। অনলাইনে আবেদন করার সময় সংশ্লিষ্ট কোটায় টিক দিতে হবে এবং যারা ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হবে, কেবল তারাই ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর কোটার জন্য আবেদন করতে পারবে। কোটার সপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র **ভর্তি পরীক্ষার ফল প্রকাশের ৭ দিনের মধ্যে জীববিজ্ঞান অনুষদের অফিসে জমা** দিতে হবে। ওয়ার্ড কোটার ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট/অফিস-এর চেয়ারম্যান/পরিচালক/অফিস প্রধানের প্রত্যয়নপত্র, মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনী কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র এবং মুক্তিযোদ্ধার নাতি-নাতনীর ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্র, আদিবাসী কোটার ক্ষেত্রে স্ব-স্ব আদিবাসীর প্রধান/জেলা প্রশাসন-এর সনদপত্র, হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্র, প্রতিবন্ধীদের (দৃষ্টি, বাক, শ্রবণ ও শারীরিক) ক্ষেত্রে উপযুক্ত সনদপত্র এবং খেলোয়ার কোটার ক্ষেত্রে বিকেএসপি কর্তৃক প্রদত্ত সনদপত্র জমা দিতে হবে।

২৪। ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যেকোনো ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে ।

**আবেদনের তারিখ : ০৮ মার্চ ২০২১ বিকাল ৪:০০ টা থেকে ৩১ মার্চ ২০২১ রাত ১১:৫৯**

**পরীক্ষার তারিখ : ২১ মে ২০২১, শুক্রবার, সকাল ১১:০০-১২:৩০ মিনিট**

**ফল প্রকাশ : ভর্তি পরীক্ষার ৪ (চার) সপ্তাহের মধ্যে**

| 'ক' ইউনিটে ভর্তি সংক্রান্ত তথ্যাবলি: | অনলাইনে আবেদন সংক্রান্ত যেকোনো তথ্য: |
|---|---|
| **ডিন অফিস, জীববিজ্ঞান অনুষদ**<br>**ঢাকা বিশ্ববিদ্যালয়**<br>**ফোনঃ ৮৮০-২-৯৬৬১৯০০ এক্স: ৪৩৫৫, ৪৩৫৬**<br>**মোবাইল: ০১৮৭০০৩৩৯৪৫** | **কেন্দ্রীয় ভর্তি অফিস (কক্ষ নং ২১৪)**<br>**প্রশাসনিক ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়**<br>ফোনঃ ৫৫১৬৭৭২৪, ০১৭৪৩০৪২৮৬৪<br>০১৮২২১৩৭৬০১, ০১৯৯৩৯৯২১৪৯ |